

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিবাহের পর স্বামীর সাথে বাসর বা মিলন হওয়ার আগেই যদি স্বামী মারা যায়, তাহলে কি ইদ্দত পালন করতে হবে? ঐ স্ত্রী কি তার ওয়ারেস হবে?

হ্যাঁ, ঐ স্ত্রীকে ৪ মাস ১০ দিন ইন্দত পালন করতে হবে। যেহেতু মহান আল্লাহ বলেছেন, "তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মারা যায়, তাদের স্ত্রীগন চার মাস দশ দিন অপেক্ষা করবে।" (বাকারাহঃ ২৩৪)

এখানে মহান আল্লাহ আমভাবে সকল স্ত্রীর প্রতিই একই নির্দেশ দিয়েছেন। আর আল্লাহ্র রাসুল (সঃ) বলেছেন, "যে স্ত্রীলোক আল্লাহ ও কিয়ামতের প্রতি ঈমান রাখে, তার পক্ষে স্বামী ছাড়া অন্য কোন মৃত ব্যক্তির জন্য তিন দিনের বেশী শোক পালন করা জায়েয নয়। তার স্বামীর জন্য সে চার মাস দশ দিন শোক পালন করবে।" ৬০২ (বুখারী ও মুসলিম)

এখানে মহানবী (সঃ) আমভাবে সকল স্ত্রীর প্রতিই একই নির্দেশ দিয়েছেন। অনুরূপ মীরাসের আয়াতেও আম নির্দেশ আছে। সুতরাং সে স্বামীর (এক চতুর্থাংশ সম্পত্তির) ওয়ারেশ হবে; যদি অন্য কোন বাধা না থাকে। ৬০৩ (ইবনে বায)

Source — https://www.hadithbd.com/books/link/?id=488

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন